

কাঁঠালের মুচি ঝরা রোগ

রোগের কারণ: *Rhizopus artocarp* নামক ছত্রাকের আক্রমণে এ রোগ হয়ে থাকে।

কাঁঠাল আমাদের জাতীয় ফল। ফল পঁচা বা মুচি ঝরা রোগের কারণে উৎপাদনের প্রাথমিক পর্যায়ে প্রায়শঃ কাঁঠালের উৎপাদন অনেকাংশে ব্যহত হয়। রাইজোপাস আরটোকারপি নামক ছত্রাক কাঁচি ফলে (স্ত্রী পুষ্পমঞ্জুরী) আক্রমণ করে। ছত্রাকের কারণে কাঁঠালের মুকুল পঁচা রোগটিই মুকুল ঝরার প্রধান সমস্যা। পুরুষ পুষ্প মঞ্জুরী পরাগায়ন শেষে স্বাভাবিকভাবেই কালো হয়ে ঝরে যায়।

রোগের লক্ষণ:

- আক্রান্ত মুকুল প্রথম দিকে ধূসর হয়ে যায়।
- পরবর্তীতে মুকুলের গায়ে সরু ও লম্বা সাদা ছত্রাক দেখা যায়।
- সবশেষে আক্রান্ত মুকুল ছোট অবস্থাতেই মাটিতে ঝরে পড়ে।



ছবি : কাঁঠালের মুচি ঝরা রোগ

প্রতিকার:

- গাছের নীচে ঝরে পড়া পুরুষ ও স্ত্রী পুষ্প মঞ্জুরী সংগ্রহ করে পুড়িয়ে অথবা মাটিতে পুঁতে ফেলতে হবে এবং গাছের নীচের জমি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- মুচি আসার আগে ও পরে ১০ দিন পর পর ২/৩ বার বোর্দোমিক্সার বা মেনকোজেব গ্রুপের ডায়থেন এম ৪৫ অথবা মেনকোজেব(৬৪%)+ মেটলাক্সিল (৮%) গ্রুপের রিডোমিল গোল্ড প্রতি লিটার পানিতে ২.৫ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করতে হবে।
- টেবুকোনা জল গ্রুপের ফলিকুর নামক ছত্রাক নাশক গাছে ফুল আসার পর থেকে প্রতি ১০ লিটার পানিতে ৫ গ্রাম হারে মিশিয়ে ১৫ দিন পর পর ৩ বার স্প্রে করতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।